# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৯৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে হাদীস অনভিজ্ঞ ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, মুকীম অবস্থায় কোন রকম ওজর ছাড়াই দুই সালাত এক সাথে আদায় করা যায়

ذِكْرُ خَبَرٍ أَوْهَمَ غَيْرَ الْمُتَبَحِّرِ فِي صِنَاعَةِ الْعِلْمِ أَنَّ الْجَمْعَ بَيْنَ الصَّلَاتَيْنِ فِي الْحَضَرِ لِغَيْرِ الْمَعْذُورِ مُبَاحٌ

---

আরবী

1594 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ أَبِي الزُّبَيْرِ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ: أَنَّ ابْنَ عَبَّاسٍ قَالَ: صَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الظُّهْرَ وَالْعَصْرَ جَمِيعًا وَالْمَغْرِبَ وَالْعِشَاءَ جَمِيعًا فِي غَيْرِ خَوْفٍ وَلَا سَفَرٍ.
قَالَ مَالِكٌ: أُرى ذَلِكَ فِي مَطَرٍ.
الراوي : ابْنَ عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1594 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (1093)

বাংলা

১৫৯৪. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল  সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কোন রকম ভয়-ভীতিকর অবস্থা ও সফরের অবস্থা ছাড়াই যোহর ও আসরের সালাত এবং মাগরিব ও ইশার সালাত এক সাথে আদায় করেছেন।”[1]

ইমাম মালিক রহিমাহুল্লাহ বলেন, “আমার মনে হয় এমনটি বৃষ্টির কারণে হয়েছিল।”

ফুটনোট

[1] [1] বাগাবী, শারহুস সুন্নাহ: ১০৪৩; মুয়াত্তা ইমাম মালিক: ১/১৪৪; মুসনাদ ইমাম শাফে‘ঈ: ১/১১৮; সহীহ

মুসলিম: ৭০৫; আবূ দাঊদ: ১২০; নাসাঈ: ১/২০৯; আবূ আওয়ানা: ২/৩৫৩; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/১৬০; সুনান বাইহাকী: ৩/১৬৬; আত তায়ালিসী: ১/১২৬; তিরমিযী: ১৮৭; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৪৪৩৪; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৪৫৬; মুসনাদ আহমাদ: ১/৩৫১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১০৯৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91188

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন